



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি কেশব চন্দ্র কলেজ, বিনাইদহ

কলেজ কোড (শিক্ষা বোর্ড)-6752, কলেজ কোড (জাতীয় বিশ্ববিদ্যালয়)- 0601, কলেজ কোড (মাউশি)- 0216, EIIN-116552
স্থাপিত : ১৯৬০, সরকারিকরণ : ১৯৮০, টেলিফোন : ০২৪৭৭৪৬১১১, ই-মেইল : govtk.c.collegejhenidah@gmail.com, ওয়েব সাইট : www.kccollege.edu.bd

স্মারক নং-স.কে.চ.ক.বি/২০২৫/ ১৭৭


তারিখ: ১৩/০২/২০২৫

বিজ্ঞপ্তি

সরকারি কেশব চন্দ্র কলেজ, বিনাইদহ-এর একাদশ শ্রেণির (শিক্ষাবর্ষ ২০২৪-২০২৫) উপবৃত্তির জন্য আবেদন করতে ইচ্ছুক শিক্ষার্থীদেরকে ১৬/০২/২০২৫ খ্রি. তারিখ হতে ১৮/০২/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত কলেজের ওয়েব সাইট থেকে উপবৃত্তির আবেদন ফরম সংগ্রহ করে যথাযথ ভাবে পূরণ পূর্বক প্রশাসন ভবনের ৪ নং কাউন্টারে জমা দেওয়ার জন্য বলা হলো।

পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্ন বর্ণিত কাগজ পত্র জমা দিতে হবে।

- ০১। শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের ফটোকপি। (১৭ সংখ্যার অনলাইন জন্মসনদ থাকতে হবে)
- ০২। পিতা-মাতার ভোটার আইডি কার্ডের ফটোকপি। (১০ অথবা ১৭ সংখ্যা)
- ০৩। পিতা/ মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)
- ০৪। শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/ মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন এবং নগদ একাউন্ট খুলতে হবে। (পিতা অভিভাবক হলে পিতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন এবং নগদ একাউন্ট খুলতে হবে। মাতা অভিভাবক হলে মাতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন এবং নগদ একাউন্ট খুলতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/ বোন/ দাদা/ দাদী/ নানা/ নানী/ ইত্যাদি অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তার জাতীয় পরিচয় পত্র ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন এবং নগদ একাউন্ট খুলতে হবে।
- ০৫। যার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খোলা তার নাম হিসাবে ধারীর নাম হিসাবে ব্যবহার করতে হবে।
- ০৬। পূর্বে উপবৃত্তির জন্য ব্যবহৃত কোন একাউন্ট নম্বর গ্রহন যোগ্য হবে না এবং যার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে পূর্বে উপবৃত্তির জন্য আবেদন করা আছে সেটাও গ্রহন করা হবে না।
- ০৭। ০১ কপি পাসপোর্ট আকারের ছবি।
- ০৮। এস এস সি পাসের মার্কসিটের ফটোকপি।
- ০৯। ভর্তির সময় প্রাপ্ত স্টুডেন্ট কপির ফটোকপি।
- ১০। পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রথম শ্রেণীর গেজেটেট কর্মকর্তা কতৃক প্রদত্ত পিতা/মাতা/অভিভাবকের বার্ষিক আয় ও জমির পরিমাণ সম্পর্কিত সনদপত্র।
- ১১। শিক্ষার্থী অন্য কোন সরকারি উৎস থেকে বৃত্তি অথবা অভিভাবক কতৃক শিক্ষাভাতা গ্রহন করলে উপবৃত্তির জন্য বিবেচিত হবে না। এছাড়া শিক্ষা বোর্ড কতৃক মেধা/সাধারণ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী উপবৃত্তি প্রাপ্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।


অধ্যক্ষ

সরকারি কেশব চন্দ্র কলেজ
বিনাইদহ
অধ্যক্ষ
সরকারি কেশব চন্দ্র কলেজ
বিনাইদহ।